



UTTARA OFFICE:
SENIOR SCHOOL,
PLOT # 13, ROAD # 1/A
SECTOR – 14, UTTARA MODEL TOWN,
DHAKA- 1230.
TEL: NOS. 55087118, 55087125
Email:
Web:

GULSHAN OFFICE:
SENIOR SCHOOL, GULSHAN
HOUSE # 36, ROAD # 43
GULSHAN – 2,
DHAKA- 1212.
TEL : 9845983
info@bitschool.edu.bd
www.bitschool.edu.bd

১৬ই মার্চ, ২০২০

বিষয় : কোভিড-১৯ (বাংলাদেশে করোনা ভাইরাস)

প্রিয় পিতা-মাতা এবং অভিভাবকবৃন্দ,

বাংলাদেশ সরকার ১৬/০৩/২০২০ইং তারিখে এক আদেশ জারী করেছেন যে, বাংলাদেশের শিক্ষামন্ত্রনালয় কর্তৃক সিদ্ধান্ত মতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান আগামী ১৭/০৩/২০২১ইং তারিখ থেকে ৩১/০৩/২০২০ইং পর্যন্ত বন্ধ থাকিবে। শিক্ষামন্ত্রনালয় কর্তৃক এই নজির বিহীন সিদ্ধান্ত নেওয়া হয়েছে তা দেশের করোনা ভাইরাস কোভিড-১৯ এর বিস্তার রোধ করতে সহায়তা করবে।

বি.আই.টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি ছাত্র/ছাত্রী ও কর্মকর্তা/কর্মচারীর স্বাস্থ্য ও নিরাপত্তা গুরুত্বের সহিত বিবেচনা করে।

এমতবস্থায় অত্র শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার সুবিধার্থে নিম্ন লিখিত পরিকল্পনা গ্রহণ করা হলোঃ-

- পাঠ, বাড়ীর কাজ এবং ওয়ার্কসীট ই-মেইলে ও ওয়েবসাইটে পাঠানো হবে সকল ছাত্র/ছাত্রীদের জন্য।
- ছাত্র-ছাত্রীরা / পিতামাতারা তাদের স্কুলের বাড়ীর কাজ সম্পূর্ণ করে নিজ নিজ ক্যাম্পাসে প্রত্যেক বৃহস্পতিবার সংশোধনের জন্য জমা দিতে পারিবে এবং সোমবার সংগ্রহ করিতে পারিবে।
- অনুগ্রহপূর্বক বার্ষিক পরীক্ষার নিয়ে অযথা দৃষ্টিস্তা করিবেন না। স্কুল কর্তৃপক্ষ অনুধাবন করে যে, সিলেবাস শেষ করা এবং পরীক্ষা দেওয়ার চেয়ে ইহা বেশি গুরুত্বপূর্ণ। যদি সিলেবাস শেষ করা না যায় তবে পরীক্ষা স্পষ্টতঃ অনুষ্ঠিত হবে না। স্কুল কর্তৃপক্ষ পরিস্থিতি বিবেচনা করে পরবর্তিতে অভিভাবকদের সাথে নিয়ে পরামর্শ করে পারস্পারিক সিদ্ধান্ত গ্রহণ করবে।

সকল ক্লাস বাদ দেওয়া ছাড়াও স্কুল নিম্নোক্ত কাজগুলি স্থগিত করেছে পুনঃআদেশ না দেওয়া পর্যন্ত :


- পাঠদান বহির্ভূত কার্যকলাপ।
- স্কুল পরবর্তী কর্মসূচী
- মাঠ পর্যায়ে ভ্রমণ
- পিতা-মাতা ও শিক্ষক সভা
- ঘটনা/অনুষ্ঠান সমূহ

অনুগ্রহপূর্বক আপনারা ই-মেইল এবং বিআইটি ওয়েবসাইট নিয়মিত অনুসন্ধান করুন। আপনার যদি সুনির্দিষ্ট প্রশ্ন থাকে তবে অনুগ্রহপূর্বক স্কুলে যোগাযোগ করুন।

এই অস্বাভাবিক পরিস্থিতিতে ছাত্র/ছাত্রীদের উদ্ভূত সমস্যা মোকাবেলা করার জন্য স্কুল কর্তৃপক্ষ সর্বাঙ্গিক চেষ্টা চালিয়ে যাচ্ছে।

আমরা আপনাদের চলমান সমর্থন ও সহযোগীতা কামনা করি।

ধন্যবাদ, সুস্থ থাকবেন।


Ms. Lubna Choudhury
Founder Principal & Chairperson